

হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৮৮

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আ সম্পর্কিত কতিপয় জ্ঞাতব্য বিষয়

আরবী

عَنْ أَبِي مُوسَى قَالَ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْرَابِيًّا فَأَكْرَمَهُ فَقَالَ لَهُ إِنْتَنَا فَأَتَاهُ
فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "سَلْ حَاجَتَكَ" قَالَ نَاقَةٌ نَرَكِبُهَا وَأَعْنَزُ يَحْلِبُهَا
أَهْلِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أَعْجَزْتُمْ أَنْ تَكُونُوا مِثْلَ عَجُوزِ بَنِي
إِسْرَائِيلَ" قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا عَجُوزُ بَنِي إِسْرَائِيلَ قَالَ "إِنَّ مُوسَى عَلَيْهِ السَّلَامُ لَمَّا
سَارَ بِبَنِي إِسْرَائِيلَ مِنْ مِصْرَ ضَلُّوا الطَّرِيقَ فَقَالَ مَا هَذَا فَقَالَ عُلَمَاؤُهُمْ إِنَّ يَوْسُفَ عَلَيْهِ
السَّلَامُ لَمَّا حَضَرَهُ الْمَوْتُ أَخَذَ عَلَيْنَا مَوْتًا مِنَ اللَّهِ أَنْ لَا نَخْرُجَ مِنْ مِصْرَ حَتَّى نَنْقُلَ
عِظَامَهُ مَعَنَا قَالَ فَمَنْ يَعْلَمُ مَوْضِعَ قَبْرِهِ قَالَعَجُوزٌ مِنْ بَنِي إِسْرَائِيلَ فَبَعَثَ إِلَيْهَا فَأَتَتْهُ
فَقَالَ دُلِّيْنِي عَلَى قَبْرِ يَوْسُفَ قَالَتْ حَتَّى تُعْطِيَنِي حُكْمِي قَالَ وَمَا حُكْمُكَ قَالَتْ أَكُونُ
مَعَكَ فِي الْجَنَّةِ فَكَرِهَ أَنْ يُعْطِيَهَا ذَلِكَ فَأَوْحَى اللَّهُ إِلَيْهِ أَنْ أُعْطِيَهَا حُكْمَهَا فَأَنْطَلَقَتْ بِهِمْ
إِلَى بُحَيْرَةٍ مَوْضِعِ مُسْتَنْقَعِ مَاءٍ فَقَالَتْ أَنْضِبُوا هَذَا الْمَاءَ فَأَنْضَبُوهُ فَقَالَتْ احْتَفِرُوا
فَاحْتَفَرُوا فَاسْتَخْرَجُوا عِظَامَ يَوْسُفَ فَلَمَّا أَقْلَوْهَا إِلَى الْأَرْضِ وَإِذَا الطَّرِيقُ مِثْلَ ضَوْءِ
النَّهَارِ

বাংলা

(৩৭৮৮) আবু মুসা (রাঃ) বলেন, একদা এক মরুবাসী বেদুঈনের নিকট আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেহমানি করলেন। তিনি তাকে তাঁর নিকট আসতে বললেন। তিনি তাকে জিজ্ঞাসা করলেন, "তোমার কোন প্রয়োজন আছে কি? লোকটি বলল, 'একটি জিন সহ উটনী এবং একটি দুধেল বকরী।' মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তা দিয়ে বিদায় করলেন। অতঃপর বললেন, "তোমাদের কেউ কি বনী ইসরাঈলের বুড়ির মত হতে অসমর্থ হয়? সাহাবাগণ জিজ্ঞাসা করলেন, 'বনী ইসরাঈলের বুড়ির ব্যাপার কী হে আল্লাহর রসূল?' তিনি বললেন, "মূসা বনী ইসরাঈলকে সঙ্গে নিয়ে যখন মিসর ত্যাগ করতে চাইলেন, তখন তাঁরা রাস্তা ভুলে গেলেন।

তাঁদের উলামাগণ বললেন, ইউসুফ মৃত্যুর সময় আমাদের নিকট থেকে অঙ্গীকার নিয়েছিলেন যে, আমরা মিসর থেকে বের হলে তাঁর লাশ না নিয়ে যেন বের না হই। মুসা বললেন, কিন্তু তাঁর কবর চিনবে কে? কেউ বলল, এক বুড়ি তাঁর কবর চেনে। অতঃপর সেই বুড়ির কাছে যাওয়া হলে সে বলল, আমি কবরের খবর বলে দেব। কিন্তু আমার একটি শর্ত ও চাহিদা আছে তা আপনাকে পূরণ করতে হবে। মুসা বললেন, তোমার চাহিদা কি তা বল। বুড়ি বলল, আমি জান্নাত আপনার সঙ্গে বাস করতে চাই! মুসা আল্লাহর নিকট থেকে বুড়ির সেই চাহিদা পূরণের দু'আ করলেন। কবর চেনা হল। অতঃপর লাশ সঙ্গে নিলে তাঁরা রাস্তা পেলেন।

ফুটনোট

(ইবনে হিব্বান ৭২৩, হাকেম ৩৫২৩, ৪০৮৮, আবু য়ালা ৭২৫৪, সিলসিলাহ সহীহাহ ৩১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67536>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন